এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

যুক্তিবিদ্যা দ্বিতীয় পত্র: সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: ১২২

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

১.▶ মানবিক শাখার দুজন ছাত্রছাত্রী রিয়াদ ও বুমি 'মানুষ' কথাটি নিয়ে গভীর চিন্তায় মগ্ন ছিল। রিয়াদের ধারণা 'মানুষ হল বুদ্ধিবৃত্তি সম্পন্ন দ্বিপদ জীব।' কিন্তু বুমির মতে 'মানুষ হল আশরাফুল মাখলুকাত। কারও সঙ্গে এর তুলনা চলেনা। তাদের বিতর্ক চরমে পৌছলে স্যারের কাছে এর সমাধান চায়। স্যার বলেন, 'অতিরিক্ত কোনো শব্দ ব্যবহার না করেও যেকোনো পদের সংজ্ঞা দেওয়া যায়।'

ক. যৌক্তিক সংজ্ঞা কাকে বলে? ১

খ. যৌক্তিক সংজ্ঞা ও বর্ণনার মধ্যে দুটি প্রধান পার্থক্য লেখ। ২

গ. রিয়াদের ধারণা কি যৌক্তিক সংজ্ঞার নিয়মসিদ্ধ? ব্যাখ্যা কর। ৩

ঘ. বুমি ও রিয়াদের বিতর্ক কীভাবে স্যারের জবাবে শেষ হয় তা পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

২.▶ রাকিব এবং রীতার জন্য তাদের বাবা বাজার থেকে কিছু খেলনা কিনে আনলেন। খেলনাগুলো পেয়ে তারা দুজনেই সবগুলোই নিতে চায়। পরিস্থিতি সামাল দিতে তাদের মা খেলনাগুলোর আকার, রং ও দাম এর ভিত্তিতে ভাগ করে দিতে লাগল। বাবা বলল, এভাবে তাদেরকে দিতে পারবে না, যেকোনো একটির আলোকে বণ্টন করতে পারো। তাদের মা অনুরাগের সুরে বলল, 'আমার যা ইচ্ছা তাই করব।'

ক. যৌক্তিক বিভাগ কাকে বলে? ১

খ. 'উল্লম্ফন বিভাগ' ধারণাটি বুঝিয়ে লেখ। ২

গ. রাকিব ও রীতার মায়ের বণ্টন প্রক্রিয়া কী? যৌক্তিক বিভাগের নিয়ম অনুযায়ী লেখ। ৩

ঘ. পাঠ্যবইয়ের আলোকে বাবার উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৩.▶ ছাত্র ও শিক্ষকের মধ্যে কথোপকথন চলছিল:

শিক্ষক: পৃথিবীর মত মঙ্গল গ্রহেও প্রাণি বাস করতে পারবে। কারণ মঙ্গলগ্রহেও পানি, আলো, বায়ু এবং মাটি আছে। তাছাড়া মঙ্গলও সূর্যের একটি গ্রহ।

http://teachingbd.com

ছাত্র : আমার জীবনে যত বক দেখেছি প্রায় সবই সাদা। সুতরাং সকল বক হয় সাদা।

ক. কীসের ভিত্তিতে মিল আরোহকে ভাগ করেন? ১

খ. অসাধু সাদৃশ্যমানের গুরুত্ব আছে কী? ২

গ. শিক্ষকের বক্তব্য আরোহের কোন প্রকারের প্রতিফলন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে আরোহের প্রকারভেদ ছাড়া খুবই গুরুত্বপুর্ণ একটি প্রকার আছে- উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৪.▶



ক. প্রকৃত আরোহ কাকে বলে? ১

খ. আরোহের কূটাভাস বলতে কী বোঝায়? ২

গ. ছকের উল্লিখিত আরোহগুলো কি যথার্থ? ব্যাখ্যা কর। ৩

ঘ. '?' স্থানে সঠিক শব্দটি বসিয়ে যুক্তিবিদ্যায় এর গুরুত্ব উল্লেখ কর। ৪

৫.▶ শিক্ষক কলেজ থেকে বাসায় ফিরে দেখলেন যে, তার ডায়েরিটি টেবিলে নেই। তিনি বাড়ির সবাইকে জিজ্ঞেস করেও কোনো জবাব না পেয়ে কাজের লোককে সন্দেহ করলেন। কিন্তু তাতেও ফল না হওয়ায় প্রতিবেশী সবাইকে জানালেন। কেননা ডায়েরিটি ছিল স্যারের খুবই প্রিয় এবং সংকলক ধরনের। প্রতিবেশী একজন বললেন, হয়ত কোনো দেওপরী এটি নিয়ে গেছে। স্যারের স্ত্রী ডায়রী খুঁজতে সেই স্থানে মেয়ের পেনসিল দেখতে পায়। পরে অবশ্য মেয়ে স্বীকার করে।

ক. প্রকল্প কাকে বলে? ১

খ. যাচাইকরণকে কেন প্রকল্পের শেষ স্তর বলা হয়? ২

গ. প্রতিবেশীর ধারণাটি কি বৈধ? ব্যাখ্যা কর। ৩

ঘ. ডায়েরি খুঁজে পাওয়ার প্রক্রিয়াটি প্রকল্পের যে বিষয়টিকে প্রতিফলিত করে তা বিশ্লেষণ কর। ৪

৬.▶ ঘটনা-১ : একটি কলেজের মানবিক শাখার সব ছাত্রছাত্রীই ভালো ফলাফলসহ কৃতিত্বের সাথে পাশ করেছেন। শিক্ষা বোর্ডের কয়েকজন কর্মকর্তা ১০ ছেলেমেয়েকে জিজ্ঞাসা করে জানতে পারল যে তারা সবাই কলেজের নিজস্ব পরীক্ষাগুলোতে ভালো ফল করেছিল।

Teachingbd.com

ঘটনা-২: বাতাসযুক্ত ঘরে মোমবাতি জ্বলে। কিন্তু ঘরটিতে বাতাসমুক্ত করলে মোমবাতিটি আর জ্বলে না।

ক. পরীক্ষামূলক পদ্ধতির কাজ কী? ১

খ. পরীক্ষণমূলক পদ্ধতির নঞর্থক অর্থ বলতে কী বোঝায়? ২

গ. ঘটনা-১ পরীক্ষণমূলক পদ্ধতির কোন প্রকারকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ঘটনা-২ বিশ্লেষণ করে ঘটনা-১ এর সাথে তুলনামূলক আলোচনা করো। ৪

৭. ▶ রিয়াদের শরীরে হঠাৎ করে কাঁপুনি দেখা দেয়। তার মা থার্মোমিটার দিয়ে জ্বর মেপে দেখলেন যে ১০৪° জ্বর। তখন তিনি লেপ দিয়ে ছেলের শরীর ঢেকে মাথায় পানি দিয়ে আবার মেপে দেখলেন তার ১০০° জ্বর আছে। রিয়াদের মা কিছুটা চিন্তামুক্ত হলেন। তিনি ছেলেকে তার নানার দেওয়া কাঁসার গ্লাসে দুধ পান করতে দেন। খুব ভারী লাগল বলে ছেলে মাকে জিজ্ঞেস করল, 'কত কেজি দুধ দিয়েছ যে এত ভারী?' মা বলল, 'পুরান আমলের গ্লাসতো বাবা! তাই একটু ভারী লাগছে।' ছেলে দুধসহ গ্লাসটি মেপে দেখল ১ কেজি।' মা বললেন, 'তোর নানা যে গ্লাসটি দিয়েছিল তা ৫০০ গ্রাম।' ছেলে তখন বলল, 'তবে আমাকে আধা কেজি দুধ খেতে হবে?' মা বললেন, 'তাড়াতাড়ি সুস্থ হতে হলে তাই করা হবে বাবা!'

ক. অপনয়নের সূত্র কে আবিষ্কার করেন? ১

খ. 'অবৈধ সার্বিকীকরণ অনুপপত্তি বুঝিয়ে লেখ। ২

গ. মায়ের চিন্তামুক্ত হওয়ার প্রক্রিয়াটি পরীক্ষামূলক পদ্ধতির কোনটিকে নির্দেশ করে। ব্যাখ্যা কর। ৩

ঘ. দুধের গ্লাসের ভারীত্ব নির্ণয়ের নির্দেশিত পদ্ধতিটির সুবিধা এবং অসুবিধা নির্ণয় করে আলোচনা কর। ৪

৮. ▶



ক. ব্যাখ্যা কত প্রকার? ১

খ. বৈজ্ঞানিক ব্যাখ্যা ও লৌকিক ব্যাখ্যার মধ্যে দুটি প্রধান পার্থক্য লেখ। ২

গ. '?' স্থানে সঠিক শব্দটি বসিয়ে ব্যাখ্যা কর। ৩

ঘ. ছকে প্রদর্শিত রূপ দুটির তুলনামূলক আলোচনা কর। ৪

Teachingbd.com

৯.▶ শিক্ষক একদিন ক্লাসে প্রাণীকে মেরুদণ্ডী এবং অমেরুদন্ডী শ্রেণিতে বিভক্ত করে একটি চার্ট তৈরি করতে ছাত্রছাত্রীদের নির্দেশ দিলেন। অন্য আরেক দিন তিনি ছাত্রছাত্রীদেরকে তাদের প্রিয় বস্তুর ওপর একটি চার্ট তৈরি করতে বলেন। তিনি মনে করলেন যে প্রথম দিনের চার্টটি তারা নিজেরা করে এনেছে। তথ্য নিয়ে তিনি ভাবলেন, 'সকল বিষয় বা বস্তুর ক্ষেত্রে একই রকম চার্ট বানানো যায় না।'

ক. শ্রেণীকরণ কাকে বলে? ১

খ. শ্রেণীকরণের দুটি মৌলিক বৈশিষ্ট্য বুঝিয়ে লেখ। ২

গ. শিক্ষকের প্রথম দিনের নির্দেশনা শ্রেণীকরণের কোন প্রকারটির ইঙ্গিত প্রদান করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. শিক্ষকের ভাবনাটি পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

১০.▶ দৃশ্যকল্প-১ : ফাহমিদ এবং মাহিমা লুডু খেলছিল। মা-বাবাকে কে জিতবে তা জিজ্ঞাসা করল। বাবা বলল, নিশ্চিতভাবে বলতে পারবো না তবে তাদের যেকোনো একজনের জেতার সম্ভাবনার মাত্রা নির্ণয় করতে পারবে।

দৃশ্যকল্প-২: মোবাইলফোনে কথা বলতে বলতে একজন পথচারী রাস্তা পার হচ্ছিল। হঠাৎ একটি গাড়ি জোরে হর্ন বাজালে সে লাফ মেরে ওঠে এবং মোবাইলফোনটি পড়ে ভেঙে চুরমার হয়ে যায়।

ক. 'পাইরো' কোন দেশের দার্শনিক ছিলেন? ১

খ. সম্ভাবনার ভিত্তি বলতে কী বোঝায়? ২

গ. ফাহমিদ ও মাহিমার বাবা সম্ভাবনার কোন নিয়মকে প্রতিফলিত করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ বিশ্লেষণ করে দৃশ্যকল্প-১ এর সাথে বৈসাদৃশ্যমূলক বিশ্লেষণ কর। ৪

১১.▶ শাওন এবং শেরাজ দুই বন্ধু মিলে সপ্তাহে কে, কোন ফল খায় তা আলোচনা করছিল। শাওন বলল, 'আমি সপ্তাহে ছয়দিন আপেল খাই। শেরাজ বলল, 'আমি সপ্তাহে পাঁচদিন পেয়ারা খাই।' তবে তারা দুজনেই স্বীকার করল যে, ফলমূলে প্রচুর পুষ্টি আছে।

ক. আকস্মিকতা বলতে কী বোঝায়? ১

খ. সম্ভাবনাকে কীভাবে শতকরায় প্রকাশ করা যায়? বুঝিয়ে লেখ। ২

গ. শাওন ও শেরাজের ফল খাওয়ার সম্ভাবনা নির্ণয় কর এবং ব্যাখ্যা কর। ৩

ঘ. যৌথভাবে শাওনের এবং শেরাজের ফল খাওয়ার সম্ভাবনা নিরূপণ করতে কোন নিয়মকে অনুসরণ করতে হবে? বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

বিষয় ঃ যুক্তিবিদ্যা দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১ ২ ২

সময়- ৩০মিনিট — বহুনির্বাচনি প্রশ্ন — পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. কোন পদকে সংজ্ঞায়িত করা যায়?
ক) জাতিবাচক পদ খ) বিশিষ্ট গুণবাচক পদ
গ) স্বকীয় নামবাচক পদ ঘ) বস্তুর মৌলিক গুণকে

২. যৌক্তিক সংজ্ঞার প্রধান উদ্দেশ্য হলো—
i. পদের অর্থকে স্পষ্ট করা
ii. চিন্তাকে সুনির্দিষ্টভাবে প্রকাশ করা
iii. চিন্তার ভুলভ্রান্তি পরিহার করা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

৩.



উক্ত ছকে কোন ধরনের বিভাজন প্রতিফলন ঘটেছে?
ক) অজাগত খ) গুণগত
গ) অব্যাপক ঘ) দ্বিকোটিক

৪. অবৈজ্ঞানিক আরোহকে ছেলে খেলার সাথে তুলনা করেছেন—
i. যুক্তিবিদ মিল ii. যুক্তিবিদ ফ্রান্সিস বেকন
iii. যুক্তিবিদ বেইন
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

৫. প্রকল্পকে তিন শ্রেণিতে ভাগ করেছেন—
i. মিল ii. ওয়েল্টন
iii. কার্ভেথ রীড
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

৬. প্রকল্পের প্রয়োজনীয়তা রয়েছে—
i. ব্যবহারিক জীবনে
ii. বৈজ্ঞানিক অনুসন্ধানে
iii. ঘটনা বা বিষয়ের ব্যাখ্যায়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

৭. ব্যাখ্যাকরণ নিবৃত্তি করে—
i. মানুষের আবেগের
ii. জিজ্ঞাসার iii. প্রবৃত্তির
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

৮. শ্রেণীকরণ একটি—
i. গাণিতিক প্রক্রিয়া ii. মানসিক প্রক্রিয়া
iii. সামাজিক প্রক্রিয়া
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

৯. আকস্মিকতা ও সম্ভাব্যতা পরস্পর—
i. পরিপূরক ii. নির্ভরশীল
iii. বিপরীত
নিচের কোনটি সঠিক?
ক) iii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১০. কারণ হলো কয়েকটি—
i. সদর্থক শর্তের সমষ্টি
ii. নঞর্থক শর্তের সমষ্টি
iii. ঘটনা বিস্তৃতির সমষ্টি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. দুটি স্বতন্ত্র ঘটনা একত্রে ঘটার সম্ভাবনার মাত্রা ঘটনা দুটির সম্ভাবনার মাত্রার—
i. গুণফলের সমান
ii. ভাগফলের সমান
iii. যোগফলের সমান
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. ম্যালেরিয়া জ্বরের কারণ তুমি যেভাবে নির্ণয় করবে—
i. আক্রান্ত ব্যক্তিদের বয়স, পেশা, বাসস্থান ও খাদ্যাভাস ভিন্ন থাকতে পারে
ii. পারিপার্শ্বিক অবস্থা একই রকম থাকবে
iii. পূর্ববর্তী ঘটনা হিসেবে সকলের ক্ষেত্রেই স্ত্রী জাতীয় অ্যানোফিলিস মশার কামড় পরিলক্ষিত হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:

তানিশা ও আনিশার বাবা আমিন সাহেব একদিন হোটেল থেকে ভাত, মাছ, মাংস ও ডাল কিনে আনলো। তানিশা ভাত ও মাছ খেল। আনিশা ভাত ও মাংস খেল এবং আমিন সাহেব ভাত ও ডাল খেল। পরদিন সকালে তারা সবাই পেটের পীড়ায় অসুস্থ হয়।

১৩. উদ্দীপকে কারণ আবিষ্কারের পদ্ধতিটি কিসের ওপর নির্ভরশীল?
ক) নিরীক্ষণ খ) পরীক্ষণ
গ) অন্তর দর্শন ঘ) চিকিৎসা

Teachingbd.com

১৪. তানিশা, আনিশা এবং আমিন সাহেবের পেটের পীড়ার কারণ আবিষ্কারের পদ্ধতি হলো—
i. অন্বয়ী পদ্ধতি ii. ব্যতিরেকী পদ্ধতি
iii. যৌথ পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও iii
গ iii ঘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:
নাভিদ ও নোমান দুই বন্ধু। নাভিদ বললো, "আমি এযাবত যত শিক্ষিত লোকের সাথে পরিচিত হয়েছি। তারা সবাই স্বার্থপর। সুতরাং শিক্ষিত লোক মাত্রই স্বার্থপর।"

১৫. উদ্দীপকে নাভিদের বক্তব্য কোন ধরণের আরোহকে নির্দেশ করে?
ক বৈজ্ঞানিক আরোহ খ অবৈজ্ঞানিক আরোহ
গ যুক্তিসাম্যমূলক আরোহ
ঘ পূর্ণাঙ্গ আরোহ

১৬. উদ্দীপকে নাভিদের বক্তব্যে কোন ধরণের অনুপপত্তি ঘটেছে?
i. অবৈধ সাধারণীকরণ
ii. অবৈধ সার্বিকীকরণ iii. অনিরীক্ষণজনিত
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

১৭. শ্রেণীকরণ করা যায় না—
ক অনুমানের খ প্রান্তিক দৃষ্টান্তের
গ ব্যাখ্যার ঘ সম্ভাব্যতার

১৮. 'Chance' শব্দের অর্থ কী?
ক আকস্মিকতা খ সম্ভাব্যতা
গ নিশ্চয়তা ঘ অজ্ঞাত ঘটনা

১৯. প্রকল্পকে কয়ভাগে ভাগ করা হয়েছে?
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

২০. 'Hypothesis' শব্দের অর্থ কী?
ক যুক্তি
খ অবধারণ
গ প্রাথমিক ধারণা
ঘ চিন্তন

নিচের উদ্দীপকটি পড়ে ২১ নং প্রশ্নের উত্তর দাও:

২১. চিত্রে ১ থেকে ৯৯ পর্যন্ত সংখ্যা দ্বারা কী বোঝানো হয়েছে?
ক প্রকল্প খ শ্রেণীকরণ
গ ব্যাখ্যা ঘ সম্ভাবনা

নিচের অনুচ্ছেদটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:
করিম রাস্তা দিয়ে হেটে যাওয়ার সময় হঠাৎ দেখতে পায় একটা মৃত অজগর সাপ রাস্তার উপর পড়ে আছে। সে সাপটির কাছে গিয়ে ভালোভাবে দেখলো এবং সাপটি সম্পর্কে বিভিন্ন ধারণা করতে লাগল।

২২. উদ্দীপকে উল্লেখিত ঘটনার সাথে নিচের কোনটির সাদৃশ্য রয়েছে?
ক প্রকল্পের স্তরের খ প্রকল্পের সংজ্ঞার
গ প্রকল্পের বৈশিষ্টের ঘ প্রকল্পের প্রকৃতির

২৩. উদ্দীপকে উল্লেখিত ঘটনার বিষয়বস্তুর অংশ হলো—
i. ঘটনার নিরীক্ষণ
ii. যাচাইকরণ iii. সিদ্ধান্ত গ্রহণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. নিচের কোনটি প্রকৃত আরোহ?
ক পূর্ণাঙ্গ আরোহ খ সাদৃশ্যমূলক অনুমান
গ যুক্তিসাম্যমূলক আরোহ
ঘ ঘটনার সংযোজন

২৫. অন্বয়ী পদ্ধতি মূলত কোন ধরণের পদ্ধতি?
ক পরীক্ষণাত্মক খ নিরীক্ষণাত্মক
গ জ্ঞানমূলক ঘ অভিজ্ঞতা মূলক

২৬. যে সাদৃশ্যানুমানে মৌলিক ও গুরুত্বপূর্ণ বিষয়ের সাদৃশ্যের ভিত্তিতে সিদ্ধান্ত স্থাপন করা হয় তাকে কী বলে?
ক সাধুসাদৃশ্য অনুমান
খ অসাধুসাদৃশ্য অনুমান
গ পূর্ণাঙ্গ সাদৃশ্য অনুমান
ঘ অসম্পূর্ণ সাদৃশ্য অনুমান

২৭. অবৈধ সার্বিকীকরণ অনুপপত্তি সংঘটিত হয় যখন—
i. অল্প সংখ্যক দৃষ্টান্ত নিরীক্ষণ করা হয়
ii. বেশি সংখ্যক দৃষ্টান্ত নিরীক্ষণ করা হয়
iii. কোনো দৃষ্টান্ত নিরীক্ষণ করা হয় না
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

২৮. পরীক্ষণাত্মক পদ্ধতির প্রবক্তা কে?
ক বেইন খ মিল
গ কপি ঘ এরিস্টটল

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:
তথ্য-১: কামাল আলমারীর ৩০টি বই পর্যবেক্ষণ করে দেখল যে, এর প্রত্যেকটি বই বাংলার। অতএব আলমালীর সকল বই বাংলা বিষয়ের।
তথ্য-২: আমি এ পর্যন্ত যত কাক দেখেছি, তারা সবাই কালো, সুতরাং সকল কাক হয় কালো।

২৯. উদ্দীপকে তথ্য-১ দ্বারা কোন ধরনের আরোহ প্রকাশ পায়?
ক যুক্তিসাম্যমূলক আরোহ
খ ঘটনার সংযোজন গ পূর্ণাঙ্গ আরোহ
ঘ সাদৃশ্যানুমান

৩০. তথ্য-১ ও তথ্য-২ দ্বারা আরোহের যে রূপগুলো প্রকাশ পায় তাহলো—
i. বৈজ্ঞানিক ii. অবৈজ্ঞানিক
iii. অপ্রকৃত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উত্তর																														
	১	ক	২	ঘ	৩	ঘ	৪	খ	৫	গ	৬	ঘ	৭	ঘ	৮	খ	৯	ক	১০	ঘ	১১	ঘ	১২	ঘ	১৩	ক	১৪	ক	১৫	খ
	১৬	ঘ	১৭	খ	১৮	ক	১৯	খ	২০	গ	২১	ঘ	২২	ক	২৩	ঘ	২৪	খ	২৫	খ	২৬	ক	২৭	ক	২৮	খ	২৯	গ	৩০	গ

Teachingbd.com

http://teachingbd.com